

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
নিরীক্ষা অধিশাখা  
www.shed.gov.bd

স্মারকনং- ৩৭.০১.৩০৮০.১৮৭.১৪.৩০.২০১৭ - ১৪৫

তারিখঃ ১৮ আশ্বিন ১৪২৪  
০৩ অক্টোবর ২০১৭

**বিষয়:** সরকারি বিধি লংঘনের দায়ে কেন ব্যবস্থা গ্রহণ করা হবে না তাঁর কৈফিয়ৎ প্রদান।

**সূত্র:** (১) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের পত্র নং- ৯৭/৭/গভ:অ:/বপু:/৯৮(অংশ-১)/৮৫; তারিখ: ২০/০৩/২০১৭ খ্রি:  
(২) সরকারি শাহ সুলতান কলেজ, বগুড়া এর পত্র নং- সশাসুক/বগ/২০১৭/৬৫; তারিখ: ২৬/০১/২০১৭ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে তাঁর দৃষ্টি আকর্ষণ পূর্বক জানানো যাচ্ছে যে, সরকারি কলেজ ও বিদ্যালয়সমূহের ছাত্র-ছাত্রীদের নিকট হতে অর্থ আদায়ের নির্দেশনা সংক্রান্ত একটি পরিপত্র (নং- শিম/অডিট সেল/২৪৩/২০১১/৪৭৫) বিগত ৬ জুলাই ২০১৪ তারিখ শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারি করা হয়েছে। প্রায়শ: দেখা যায় মন্ত্রণালয়ের নির্দেশনা উপেক্ষা করে ছাত্র-ছাত্রীদের নিকট হতে সরকারি কলেজ ও বিদ্যালয়সমূহ কর্তৃক অতিরিক্ত অর্থ বা খাত বহির্ভূত অর্থ আদায় করা হচ্ছে যা সম্পূর্ণ বিধি বহির্ভূত। আলোচ্য ক্ষেত্রেও উল্লিখিত পরিপত্রের নির্দেশনা তথা সরকারি বিধি উপেক্ষা করে খাত বহির্ভূত কৃষি, পূজা ও অন্যান্য খাতে ছাত্র-ছাত্রীদের নিকট হতে ২০১১-২০১৩ আর্থিক সনে ১০,৩৮,৬৯৪/= (দশ লক্ষ আটত্রিশ হাজার ছয়শত চুরানষই টাকা মাত্র) টাকা আদায় করা হয়েছে। এ ধরনের কার্যক্রম কোনক্রমেই সমর্থনযোগ্য নয়। স্মর্তব্য যে, আর্থিক কার্যক্রম সম্পর্কিত সকল বিষয়ের দায়ভার আয়ন-ব্যয়ন কর্মকর্তা হিসাবে প্রতিষ্ঠান প্রধান তথা অধ্যক্ষের উপর বর্তায়।

০২। এমতাবস্থায় মন্ত্রণালয়ের নির্দেশনা উপেক্ষা করে ২০১১-২০১৩ আর্থিক সনে ছাত্র-ছাত্রীদের নিকট হতে খাত বহির্ভূত অর্থ আদায়ের মাধ্যমে আর্থিক অনিয়ম সাধন করায় কেন তাঁর ও তাঁর প্রতিষ্ঠানের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ হবে না সে বিষয়ে পত্র প্রাপ্তির ১০ (দশ) কর্মদিবসের মধ্যে লিখিত কৈফিয়ৎ জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

**অধ্যক্ষ**

সরকারি শাহ সুলতান কলেজ, বগুড়া



(মো. রাহেদ হোসেন)

সিনিয়র সহকারি সচিব

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

শিক্ষা মন্ত্রণালয়

ফোনঃ ৯৫৪৬১০৭

**সদয় অবগতির জন্য অনুলিপিঃ**

০১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা

০২। মহাপরিচালক, স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তর, অডিট কমপ্লেক্স, সেগুনবাগিচা, ঢাকা

০৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)

০৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়ের সাইটে প্রকাশের অনুরোধসহ)

০৫। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (ঢাকা/কুমিল্লা/চট্টগ্রাম/রাজশাহী/ময়মনসিংহ/বরিশাল/খুলনা/রংপুর/সিলেট) অঞ্চল।

০৬। অফিস কপি।